গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার
পরিকল্পনা মন্ত্রণালয়
বাস্তবায়ন পরিবীক্ষণ ও মূল্যায়ন বিভাগ (আইএমইডি)
সেন্ট্রাল প্রকিউরমেন্ট টেকনিক্যাল ইউনিট (সিপিটিইউ)
শেরে বাংলা নগর, ঢাকা-১২০৭
Tel: 9144252-3, Fax: 9180968, E-mail: info@cptu.gov.bd; Website: www.cptu.gov.bd

উন্নয়নের গণতন্ত্র
শেখ হাসিনার মূলমন্ত্র

নং-২১.০০.০০০০.৩৬৪.২২.০২০.২১-৮৭ তারিখঃ ১৩/০৬/২০২১ খ্রিঃ

# পরিপত্র

**বিষয়ঃ পণ্যের কারিগরি বিনির্দেশ (Specification) প্রস্তুতকরণে পিপিএ ২০০৬ ও পিপিআর ২০০৮ এর সংশ্লিষ্ট ধারা/বিধিসমূহ যথাযথভাবে অনুসরণ।**

উপর্যুক্ত বিষয়ের প্রতি দৃষ্টি আকর্ষণপূর্বক জানানো যাচ্ছে যে, সরকারি তহবিলের দ্বারা পণ্য ক্রয়ের ক্ষেত্রে পণ্যের বিনির্দেশ (Specification) প্রস্তুত বিষয়ে পাবলিক প্রকিউরমেন্ট আইন, ২০০৬ (পিপিএ ২০০৬) এর ধারা ১৫(১) এবং পাবলিক প্রকিউরমেন্ট বিধিমালা, ২০০৮ (পিপিআর ২০০৮) এর বিধি ২৯-এ বিশদ নির্দেশনা উল্লেখ করা হয়েছে। প্রতিযোগিতামূলক ক্রয় পদ্ধতিতে সকল দরপত্রদাতার প্রতি সম-আচরণ এবং অবাধ প্রতিযোগিতা নিশ্চিত করার লক্ষ্যে ক্রয়তব্য পণ্যের কারিগরি বিনির্দেশ প্রস্তুত করার সময় উক্ত পণ্যের আবশ্যকীয় সকল বৈশিষ্ট্য, মান ও ব্যবহার উপযোগিতার সকল দিক উল্লেখ করতে হবে। তবে কারিগরি বিনির্দেশে কোন পণ্যের ট্রেডমার্ক, পেটেন্ট, নকশা বা ধরণ, নির্দিষ্ট উৎস বা দেশের নাম উল্লেখ করা যাবে না [(বিধি ২৯(৩)]। কেবল বিনির্দেশের সাধারণরুপ প্রস্তুত করে দরপত্রদাতাদের নিকট সহজভাবে বোধগম্য করার জন্য ক্রয়কারীর পর্যাপ্ত কারিগরি দক্ষতা না থাকলে ক্রয়কারী কারিগরি বিনির্দেশে কোন সুনির্দিষ্ট ব্রান্ডের পণ্যের বিবরণ উল্লেখ করতে পারে, তবে এ ক্ষেত্রে উক্ত বিনির্দেশে "বা এইরুপ বা সমতুল্য" শব্দসমূহ যোগ করতে হবে [বিধি ২৯(৪)]। প্রণিধানযোগ্য যে, কোন অবস্থাতেই কোন বিশেষ ব্রান্ড বা উৎসের প্রতি আনুকূল্য প্রদর্শনের জন্য এটি উল্লেখ করা যাবে না। কোন কার্য বা সেবা ক্রয়ের প্যাকেজে আবশ্যকীয় কোন পণ্যের বিবরণ থাকলেও একই বিধি প্রযোজ্য হবে।

০২। সাম্প্রতিক সময়ে সরকারি ক্রয়ের সাথে সম্পৃক্ত কতিপয় অংশীজনের (Stakeholder) নিকট হতে এরুপ অভিমত পাওয়া গেছে যে, দরপত্র আহ্বানের ক্ষেত্রে কোন কোন ক্রয়কারী আবশ্যকীয় পণ্যের ব্রান্ড নাম বা মডেল এবং নির্দিষ্ট দেশের বা অঞ্চলের নাম উল্লেখ করছে। অধিকন্তু, কোন কোন ক্রয়কারী সংস্থার বিভাগীয় দর-তফসিলে (Rate schedule) আবশ্যকীয় পণ্যের ব্রান্ড নাম বা সুনির্দিষ্ট দেশ/অঞ্চলের নাম উল্লেখ করা হচ্ছে যা পিপিএ/পিপিআর এর উপর্যুক্ত বিধানের পরিপন্থি। দরপত্র দলিল বা রেট সিডিউলে পণ্যের ব্রান্ড/দেশের নাম নির্দিষ্ট করে দেয়ার ফলে দেশীয় শিল্প প্রতিষ্ঠানসমূহ দরপত্রে অংশগ্রহণ করতে পারে না, অবাধ প্রতিযোগিতার সুযোগ হ্রাস পায়, সকল দরদাতার প্রতি সম-আচরণের অন্তরায় হয়ে দাঁড়ায় এবং ক্ষেত্র বিশেষে আন্তর্জাতিক সম্পর্কের ক্ষেত্রে নেতিবাচক প্রভাব সৃষ্টি করে।

০৩। এ পরিপ্রেক্ষিতে সরকারি দরপত্র প্রক্রিয়া করা বা বিভাগীয় রেট সিডিউল প্রস্তুত করার ক্ষেত্রে পিপিএ, ২০০৬ এর ধারা ১৫(১) এবং পিপিআর, ২০০৮ এর বিধি ২৯ যথাযথভাবে অনুসরণ করে পণ্যের কারিগরি বিনির্দেশ (Specification) প্রস্তুত নিশ্চিত করার জন্য সকল ক্রয়কারীকে অনুরোধ করা হলো।

১৩.৬.২০২১
(মোঃ শোহেলের রহমান চৌধুরী)
মহাপরিচালক (অতিরিক্ত সচিব)।

**বিতরণঃ (জ্যেষ্ঠতার ক্রমানুসারে নয়)**

১. মন্ত্রিপরিষদ সচিব, মন্ত্রিপরিষদ বিভাগ/প্রধানমন্ত্রীর মুখ্য সচিব, প্রধানমন্ত্রীর কার্যালয়।
২. সিনিয়র সচিব/সচিব,.................................................................................................................
.........................................................................................................মন্ত্রণালয়/বিভাগ।
৩. সদস্য, পরিকল্পনা কমিশন.........................................................................................।
৪. চেয়ারম্যান/প্রধান প্রকৌশলী/মহাপরিচালক/সংস্থা প্রধান (সকল টার্গেট এজেন্সী)
.........................................................................................................................।
৫. মাননীয় মন্ত্রীর একান্ত সচিব, পরিকল্পনা মন্ত্রণালয়, শের-ই-বাংলা নগর, ঢাকা।
৬. সচিব মহোদয়ের একান্ত সচিব, আইএমইডি, পরিকল্পনা মন্ত্রণালয়, শের-ই-বাংলা নগর, ঢাকা।
৭. অফিস কপি।